# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

জাতীয় বিশ্ববিদ্যালয় ডীন দপ্তর গাজীপুর-১৭০৪

সূত্র- জাতী:বি:/ রেজি:/একা:/ ১৬(৬৯৩)/ 2088

তারিখ: ০৫/০৮/২০১৩

## ২০১১-১২ শিক্ষাবর্ষ স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি ।

**স্নাতকোত্তর ১ম পর্ব ভর্তি বিষয়কঃ**
ওয়েব সাইটঃ www.nubd.info
ই-মেইল : mp@nuadmission.com

১। **আবেদনের যোগ্যতা :**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১০/২০১১ সালে ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে উত্তীর্ণ এবং ২০০৯/ ২০১০ সালে স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত ছাত্র-ছাত্রী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। স্নাতক (পাস) কোর্সে পঠিত ৪০০ নম্বর সম্বলিত বিষয়সমূহের যে কোনটিতে ভর্তি হওয়া যাবে। **১০০ নম্বরের ইংরেজী বা বাংলা আবশ্যিক/ঐচ্ছিক বিষয়ে ভর্তি হওয়া যাবে না।**

খ) ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের এসএসসি,এইচএসসি ও স্নাতক(পাস)পরীক্ষায় যে কোন একটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/GPA-2/ C Grade থাকতে হবে। স্নাতক (পাস) পরীক্ষায় সংশ্লিষ্ট/সমগোত্রীয় বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে।

গ) শুধুমাত্র ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ৪০% নম্বর থাকলে সমগোত্রীয় বিষয় (Allied Subject) হিসেবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইতিহাস বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ঘ) কলেজ কর্তৃপক্ষের অনুমতিক্রমে কেবলমাত্র প্রদর্শক শিক্ষকগণ স্নাতকোত্তর ১ম পর্ব নিয়মিত কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে স্নাতক (পাস) উত্তীর্ণ সনের বিষয়টি শিথিলযোগ্য। যোগ্যতার ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

ঙ) স্নাতক (পাস) কোর্স/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির সুযোগ নেই। এছাড়াও চাকুরীরত প্রার্থীগণ নিয়মিত কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না।

২। **অনলাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও সময়সূচী :**

ক) স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সে আবেদনের জন্য প্রার্থী ওয়েব সাইট **www.nubd.info** এ ফরম পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ) অনলাইন ফরমে আবেদনকারী তার পছন্দের বিষয় অনুযায়ী (সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে) ক্রমানুসারে ০৩ টি বিষয় কোড ও ০৩ টি কলেজ কোড পছন্দক্রম দিতে পারবেন। পছন্দক্রমের যে কোন কলেজে আবেদন ফরম ও ফি জমা দেয়া যাবে। **বিষয় ও কলেজ নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজে ভর্তি ইচ্ছুক বিষয়ে পাঠদান/অধিভুক্তি আছে কিনা তা আবেদনের পূর্বে কলেজ থেকে জেনে নিতে হবে।**

গ) প্রাথমিক আবেদন ফরমের ৩টি অংশ থাকবে যার ১ম অংশ বিশ্ববিদ্যালয়ের, ২য় অংশ কলেজের এবং ৩য় অংশ আবেদনকারীর। ফরমের নির্দিষ্ট স্থানে কলেজ অধ্যক্ষ ও প্রার্থী স্বাক্ষর করবেন।

ঘ) আবেদনকারী প্রিন্টআউটকৃত ফরম ও **আবেদন ফি বাবদ ২৫০/- টাকা** সংশ্লিষ্ট কলেজে জমা দিয়ে আবেদন ফরমের নিজের অংশ গ্রহণ করবেন।

ঙ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে টেকনিক্যাল সহযোগিতা নিতে ই-মেইল mp@nuadmission.com এ যোগাযোগ করা যেতে পারে।

চ) **অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ : ১৮/০৮/২০১৩ হতে ২৮/০৯/২০১৩ পর্যন্ত**

ছ) প্রিন্টআউটকৃত ফরম, প্রয়োজনীয় কাগজপত্র ও নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার শেষ তারিখ : ০১/১০/২০১৩

জ) কলেজ কর্তৃক আবেদন ফি জমা নেয়ার পর আবেদনকারীদের ডাটা অনলাইনে প্রেরণ করবে।
অনলাইনে ডাটা প্রেরণের শেষ তারিখ ০৫/১০/২০১৩

ঝ) কলেজ কর্তৃক ভিডি করার শেষ তারিখ:০৬/১০/২০১৩

ঞ) কলেজ কর্তৃক বিশ্ববিদ্যালয়ের অংশ, আবেদনকারীদের তালিকা ও ভর্তি ফান্ডের টাকা ডিডিসহ সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখ: ০৭/১০/২০১৩।

৩। অনলাইনে পূরণকৃত ফরম বাবদ আবেদনকারীর নিকট থেকে প্রাপ্ত নির্ধারিত **২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকার** জনপ্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে **"ভর্তি ফান্ড"** জাতীয় বিশ্ববিদ্যালয় শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা বরাবর ব্যাংক ড্রাফট করতে হবে। "ভর্তি ফান্ডের" ডিডি/পে অর্ডার বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার জন্য কলেজের অধ্যক্ষ কর্তৃক ডীন বরাবর পত্র প্রেরণ করতে হবে। স্নাতকোত্তর শিক্ষা শাখার সুপারিশের ভিত্তিতে অর্থ ও হিসাব শাখা থেকে চালান নম্বর নিয়ে ব্যাংকে জমা দিতে হবে এবং ব্যাংক জমা রশিদের সংশ্লিষ্ট বিভাগের অংশ অ্যাকাডেমিক স্নাতকোত্তর শাখায় জমা দিতে হবে। আবেদন ফি'র অবশিষ্ট অর্থাৎ জনপ্রতি ১০০/-(একশত) টাকা সংশ্লিষ্ট কলেজের ভর্তি সংক্রান্ত ব্যয় বহনের জন্য নির্ধারিত থাকবে।

৪। **মেধাতালিকা প্রকাশ করার তারিখঃ ১০/১০/২০১৩**

৫। **ভর্তির যোগ্যতা নির্ধারণ পদ্ধতি:**

ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হবে স্নাতক পর্যায়ে প্রাপ্ত ফলাফল অনুযায়ী। মেধাভিত্তিতে আবেদনকারী যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক স্নাতক (পাস) পরীক্ষায় সে বিষয়ে (অবশ্যই নৈর্বাচনিক বিষয় হতে হবে) প্রাপ্ত সর্বোচ্চ নম্বর (শতকরা হার) অনুযায়ী মেধা তালিকা প্রস্তুত করা হবে। দু'জন আবেদনকারীর সংশ্লিষ্ট বিষয়ে একই নম্বর হলে স্নাতক (পাস) কোর্সে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের (শতকরা হার) ভিত্তিতে মেধা তালিকা করা হবে।

৬। বিষয়সমূহ :

| | | |
|---|---|---|
| এম এ | : | বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, ইতিহাস, দর্শন, সংস্কৃত, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, পালি, আরবী। |
| এম এস এস | : | অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম |
| এম বি এস | : | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং |
| এম এস সি | : | গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, প্রাণ রসায়ন, পরিসংখ্যান, মৃত্তিকাবিজ্ঞান, ভূগোল, গার্হস্থ্য অর্থনীতি, মনোবিজ্ঞান। |

৭। **মেধাতালিকায় স্থান প্রাপ্তদের চূড়ান্ত আবেদনের সময়সীমা :**

ক) আবেদন চূড়ান্ত করার জন্য শিক্ষার্থীকে **২১-১০-২০১৩** হতে ৩১.১০.২০১৩ তারিখ পর্যন্ত অন-লাইনে চূড়ান্ত আবেদন ফরম সংগ্রহ করতঃ যথাযথভাবে পুরণ করে প্রয়োজনীয় কাগজপত্র ও রেজিস্ট্রেশন ফি সহ নির্ধারিত কলেজে হাজির হয়ে ভর্তি হতে হবে।

খ) কলেজ কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা অন-লাইনে এন্ট্রি করার শেষ তারিখ: **০৪/১১/২০১৩**

গ) ছাত্র প্রতি **৬০০/-(ছয়শত) টাকা** হারে রেজিস্ট্রেশন ফিসের ডি ডি করার শেষ তারিখ : **০৬/১১/২০১৩**

ঘ) কলেজ কর্তৃক বিশ্ববিদ্যালয়ের অংশ, ভর্তি বিবরণী, প্রয়োজনীয় কাগজপত্র ও রেজিস্ট্রেশন ফিসের ডিডি সহ সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখ: **০৭/১১/২০১৩।**

৮। ক্লাশ শুরুর তারিখ: ১০/১১/২০১৩

৯। মেধাতালিকায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী /উপজাতি/ প্রতিবন্ধী কোটায় সর্বমোট ২৫ জন ছাত্র-ছাত্রী মেধাক্রম অনুসারে একটি কলেজের নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত হিসেবে ভর্তি হতে পারবেন।

১০। **প্রয়োজনীয় কাগজপত্র ( অনলাইন প্রিন্ট কপির সাথে সংযুক্ত করে বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শিক্ষা শাখায় জমা দিতে হবে) :**

ক) এসএসসি / সমমান, এইচএসসি/সমমান, স্নাতক(পাস)/ সম্মান পাস ডিগ্রি পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি;

খ) অনলাইন আবেদনের প্রিন্ট কপির ছবির স্থানে অধ্যক্ষের স্বাক্ষর থাকতে হবে;

গ) প্রদর্শক শিক্ষকগণের ক্ষেত্রে ছুটি অনুমোদনের (যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে) কপি ও কলেজ অধ্যক্ষের অনুমতিপত্র;

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী /উপজাতি/ প্রতিবন্ধী কোটায় ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সনদপত্র।

**বি.দ্রঃ** ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষকে সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। **অসম্পূর্ণ /ভুল/ অসত্য তথ্য দেয়া হলে কিংবা প্রয়োজনীয় কাগজপত্র না থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

১১। প্রাথমিক আবেদনের ভর্তি ফান্ডের ডিডি ও ছাত্র-ছাত্রীদের তালিকা জমা দেয়ার সময় সংশ্লিষ্ট কলেজের ২০১১-১২ শিক্ষাবর্ষের অধিভুক্তি ও বিষয় অধিভুক্তি/নবায়নের প্রমাণপত্র (বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শন শাখা কর্তৃক ইস্যুকৃত) ও সর্বশেষ আসন সংখ্যার প্রমাণপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে।

১২। প্রদর্শক শিক্ষকগণের আবেদনের তালিকা ও কাগজপত্র আলাদাভাবে প্রেরণ করতে হবে।

১৩। **স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সে রেজিস্ট্রেশন স্নাতকোত্তর শেষ পর্ব কোর্সের জন্যও বলবৎ থাকবে – ১ম পর্ব ও শেষ পর্ব কোর্স সম্পন্ন করার জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৫ (পাঁচ) শিক্ষাবর্ষ। ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে স্নাতকোত্তর শেষ পর্ব পরীক্ষায় উত্তীর্ণ না হতে পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ না করলে স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।**

১৪। **কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণীতে একই/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে বা পাওয়া যায়) দ্বৈতভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।**

১৫। অত্র বিজ্ঞপ্তির পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজন করার অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(প্রফেসর ড. সায়েদা বানু)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়,গাজীপুর।

জাতীয় বিশ্ববিদ্যালয় ডীন দপ্তর গাজীপুর-১৭০৪

সূত্র: জাতী:বি:/ রেজি:/একা:/ ১৬(৬৯৩)/ 2066 তারিখ: ০৫/০৮/২০১৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :**

১. সকল বিভাগীয়/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. পরিচালক, জনসংযোগ ও প্রকাশন, জাতীয় বিশ্ববিদ্যালয় (দৈনিক পত্রিকা ও টিভি চ্যানেলে প্রচারের অনুরোধসহ)
৪. অধ্যক্ষ, ........................................
৫. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর -এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (স্নাতকোত্তর ১ম পর্ব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর(প্রশাসন)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর(একাডেমিক)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সেকশন অফিসার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি/নোটিশ বোর্ড।

উপ-রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর। ফোন: ৯২৯১০৭০